৫৩ ব্যাচে নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ক্যাডেট হিসেবে যোগ দিন

(বাংলাদেশের একমাত্র আন্তর্জাতিক মান সম্পন্ন এবং ৫৪ বছরের বর্ণিল খ্যাতিসম্পন্ন মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠান, যা দিচ্ছে প্রথমবারের মত দ্বিমুখী ক্যারিয়ার গড়ার অনন্য সুযোগ)

একাডেমী ক্যাডেটদের উৎকর্ষঃ

- আন্তর্জাতিক নৌ-নেতৃত্বের উৎকর্ষে অনন্য।
- জাতীয় অর্থনীতিতে ৪,০০০ এক্স-ক্যাডেটদের গড় বার্ষিক অবদান ২০০ মিলিয়ন মার্কিন ডলার (১,৬০০ কোটি টাকা)।

একাডেমীর উৎকর্ষঃ

- সমুদ্র-পেশায় প্রয়োজনীয় আন্তর্জাতিক মানসম্পন্ন রেজিমেন্টাল ক্যাডেট প্রশিক্ষণে দেশের একমাত্র একাডেমী।
- ৪ বছর মেয়াদী ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (বিএমএস) অনার্স ডিগ্রী প্রদানকারী দেশের একমাত্র একাডেমী।
- নৌ-পরিবহণ মন্ত্রনালয়ের অধীনে দেশের একমাত্র সরকারী মেরিন একাডেমী।
- ১৯৯০ সন থেকে ওয়ার্ল্ড মেরিটাইম ইউনিভার্সিটি, সুইডেনের একটি শাখা।
- ২০১৩ সন থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে অধিভুক্ত একমাত্র প্রতিষ্ঠান।
- আইএমও (জাতিসংঘ), ইউরোপীয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া ও সিঙ্গাপুর (এমপিএ) কতৃক স্বীকৃত ক্যাডেট প্রশিক্ষণ।
- পুরুষ/মহিলাদের জন্য সার্বক্ষণিক তত্ত্বাবধানে পৃথক, নিরাপদ ও আরামদায়ক আবাসন, আহার, খেলাধুলাসহ বিভিন্ন সুবিধা।

দ্বৈত-সনদায়নের মাধ্যমে দ্বৈত-সোপানের সুযোগঃ

- প্রি-সী নটিক্যাল সায়েন্স অথবা প্রি-সী মেরিন ইঞ্জিনিয়ারিং সনদের মাধ্যমে সমুদ্রগামী পেশায় প্রবেশের সুযোগ ।
- ৪-বছর মেয়াদী বিএমএস-অনার্স সনদের মাধ্যমে বিসিএস-সহ উচ্চতর শিক্ষার (এমএসসি/পিএইচডি) সুযোগ ও শিপিং-সংশ্লিষ্ট বিভিন্ন শোর ভিত্তিক পেশায় প্রবেশের সুযোগ।

আবেদনের যোগ্যতাঃ

- বয়সঃ ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সর্বোচ্চ ২১ বৎসর (পুরুষ/মহিলা)। মাধ্যমিক/সমমান (বিজ্ঞান); উভয় পরীক্ষার ন্যূনতম যোগ্যতা জিপিএ ৩.৫০। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থ ও গণিত বিষয়ে পৃথক ভাবে জিপিএ ৩.৫০ এবং ইংরেজিতে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা IELTS গড় স্কোর ৫.৫ থাকতে হবে। ইংরেজি মাধ্যমের পরীক্ষার্থীদের জন্য 'ও' লেভেলে ৬ টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩ টিতে A গ্রেড এবং ২ টিতে B গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলের জন্য ন্যূনতম ২ টি বিষয়ে B গ্রেড পেয়ে উত্তীর্ণ (উভয় পরীক্ষায় পদার্থবিজ্ঞান এবং গণিতসহ) হতে হবে।
- শারীরিক মান (ন্যূনতম)ঃ উচ্চতাঃ পুরুষ ৫'৪"; মহিলা ৫'২"। ওজনঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক হতে হবে (BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৭; যেমন ৫'৪": ৪৫ -৭১ কেজি; ৫'৬": ৪৮-৭৬ কেজি)। দৃষ্টিশক্তিঃ নটিক্যাল ক্যাডেটের জন্য ৬/৬; ইঞ্জিনিয়ারিং ক্যাডেটের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে)।
- বৈবাহিক অবস্থাঃ অবিবাহিত হতে হবে।
- নাগরিকত্বঃ বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক।

প্রশিক্ষণঃ

চূড়ান্তভাবে মনোনীত ক্যাডেটগণ বাংলাদেশ মেরিন একাডেমীতে ২ বৎসর প্রশিক্ষণ সমাপনান্তে একাডেমী প্রদত্ত প্রি-সী নটিক্যাল সায়েন্স অথবা প্রি-সী মেরিন ইঞ্জিনিয়ারিং সনদ-সহ ৩য় বৎসরে নিজ ব্যবস্থাপনায় সমুদ্রগামী জাহাজে ১ বছরের প্রশিক্ষণ অথবা মেরিন একাডেমী ও বঙ্গবন্ধু মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে ১ বছরের বিকল্প শোর ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করবে। অতঃপর ৪র্থ বৎসরে পুনরায় মেরিন একাডেমীতে অধ্যয়ন শেষে ৪ বৎসর মেয়াদী ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) অনার্স সার্টিফিকেট লাভ করবে।
এ সময়ে নৌ-পরিবহণ অধিদপ্তরের অধীনে পরীক্ষার মাধ্যমে Class-III Deck Officer অথবা Class-III Marine Engineer সমুদ্রগামী সনদ অর্জন করবে।

মনোনয়ন পদ্ধতিঃ

- লিখিত পরীক্ষাঃ নৈর্ব্যক্তিক (MCQ) (পদার্থ বিজ্ঞান, গণিত, ইংরেজি ও সাধারণ জ্ঞান) সর্বমোট ২০০ টি প্রশ্ন; সময়ঃ ২ ঘন্টা। পাস নম্বর ৫০%। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা প্রাথমিক শারীরিক যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- শারীরিক যোগ্যতা পরীক্ষাঃ দৌড়ঃ ৪০০ মিটার, পুশ আপঃ ১০টি, রোপ আরোহনঃ ন্যূনতম ৩ মিটার, সাঁতারঃ ন্যূনতম ৬০ মিটার একসাথে অতিক্রমে সক্ষম।
- মৌখিক পরীক্ষাঃ প্রাথমিক শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- চূড়ান্ত মেধা তালিকাঃ চূড়ান্ত মেধা তালিকা (লিখিত+মৌখিক+এস এস সি+ এইচ এস সি) (৬৪%+১৬%+১০%+১০%)। চূড়ান্ত মেধা তালিকায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য আহবান করা হবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ভর্তির যোগ্যতা লাভ করবে।

অনলাইন আবেদন পদ্ধতিঃ

- বাংলাদেশে অবস্থিত সোনালী ব্যাংকের যে কোনো শাখায় একাডেমীর পরীক্ষার জন্য নির্ধারিত স্লিপে ১০০০/= টাকা এবং ব্যাংক চার্জ ১০০/= টাকাসহ, সর্বমোট ১১০০/= (এগারশত টাকা মাত্র) জমা দিতে হবে। জমা স্লিপে নিজের নাম ও নিজ/পিতার মোবাইল নাম্বার লিখতে হবে।
- মনে রাখতে হবে প্রদত্ত মোবাইল নাম্বারে এসএমএস-এর মাধ্যমে ট্র্যাকিং নাম্বার পাঠানো হবে (৪৮ ঘন্টার মধ্যে)। ট্র্যাকিং নম্বর দিয়ে সোনালী ব্যাংক বা ওয়েবসাইট থেকে www.sonalibank.com.bd/ma লিংকে ক্লিক করে ফর্ম পূরণ ও ছবি আপলোড করতে হবে (Maximum 30 KB picture)।
- অতঃপর ফর্ম পূরণ শেষ হলে প্রবেশ পত্র দেখা যাবে,যা তাৎক্ষণিক প্রিন্ট করে নিতে হবে।

বিশেষ নির্দেশনাঃ

- আবেদনের সময়ঃ ১৯ই আগস্ট হতে ২৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ।
- লিখিত পরীক্ষার তারিখঃ ৭ অক্টোবর ২০১৬ তারিখে সকাল ৯.৩০ ঘটিকায়।
- লিখিত পরীক্ষার কেন্দ্রঃ ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহীতে একযোগে অনুষ্ঠিত হবে ।
- প্রয়োজনীয় ডকুমেন্টসঃ লিখিত, শারীরিক যোগ্যতা ও মৌখিক পরীক্ষার সময় ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

আবেদনের শেষ তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০১৬
আবেদন করতে ভিজিট করুন: www.macademy.gov.bd

visit: www.macademy.gov.bd
Sonalisheba@sonalibank.com.bd
Phone: 2514151-56 Phone: 029585802

সতর্কবাণীঃ কোনো ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। যে কোনো প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ ০৩১-২৫১৪১৫৩-৫৬/২৫১৪১৬৩/২৫১৪১৬৪ নম্বরে অবহিত করুন। সঠিক সংবাদ দাতাকে পুরস্কৃত করা হবে।